

বাংলাদেশে ভর্তি বাড়লেও শিক্ষার মান কাঙ্ক্ষিত নয় বিশ্বব্যাংকের রিপোর্ট

যুগান্তর রিপোর্ট

বাংলাদেশে শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষার্থী ভর্তি বাড়লেও তাদের শিক্ষার মান কাঙ্ক্ষিতভাবে এগোয়নি। পরিস্থিতি এমন যে পঞ্চম শ্রেণীতে এখনও ৭৫ ভাগ শিক্ষার্থী বাংলায় আর ৬৭ ভাগ শিক্ষার্থী গণিতে কারিফত দক্ষতা অর্জন করেনি। আর অষ্টম শ্রেণীতে এই সংখ্যা বাংলায় ও ইংরেজিতে ৫৪ এবং গণিতে মাত্র ৬৫ জন।

ঢাকার বিশ্বব্যাংক মিশন তাদের 'শিক্ষা খাত পর্যবেক্ষণ' শীর্ষক এক রিপোর্টে সোমবার এ তথ্য প্রকাশ করে। রাজধানীর একটি হোটেলের বিকালে ওই রিপোর্ট প্রকাশ উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ রিপোর্টে প্রকাশিত বিষয়গুলো সত্য স্বীকার করে বলেন, 'আমি একমত যে, বিদ্যালয়ে আমাদের ভর্তি বেড়েছে। কিন্তু মান ততটা এগোয়নি। আমাদের লক্ষ্য অর্জন শিক্ষার মান বিশ্বমানে উন্নীত করা। এ জন্য সর্বমুঠে সবার সহযোগিতা ও পরামর্শ সান্দরে গৃহীত হবে।'

গণসাক্ষরতা অভিযানের প্রধান নির্বাহী রাশেদা কে চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তৃতা করেন— অর্থ প্রতিমন্ত্রী এনএ মামুন এমপি, সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ড. হোসেন জিল্লুর রহমান, বিশ্বব্যাংকের দক্ষিণ এশীয় অঞ্চলের সেক্টর ম্যানেজার অনিত ধর, অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অতিরিক্ত সচিব আরাভ খান, গণসাক্ষরতা অভিযানের

সহ-সভাপতি ড. মনজুর আহমেদ, বিশ্বব্যাংকের দক্ষিণ এশীয় অঞ্চলের পরিচালক (মানব উন্নয়ন) জেসিকা ফেনশেল। একটি উন্মুক্ত পর্বে সমাগত অতিথিদের মধ্যে সুশীল সমাজের প্রতিনিধিরা আলোচনায় অংশ নেন। বিশ্বব্যাংকের রিপোর্টে এখনও ৫০ শতাংশ শিক্ষার্থীর করে পড়া, করে পড়া এমন শিক্ষার্থীর অনানুষ্ঠানিক প্রশমভাৱে স্বল্প বেতনে যোগদান করা, যেটি প্রশমশক্তির ৯৬ ভাগেরও শিক্ষাগত যোগ্যতা এসএসসি পাসের নিচে থাকা, মোট প্রশমশক্তির সাড়ে ৪৭ ভাগ কৃষি, সাড়ে ১৭ ভাগ শিল্প ও বাকিটা সেবা খাতে নিয়োজিত হওয়ারসহ বিভিন্ন চিত্র তুলে ধরা হয়। বলা হয়, করে পড়া রোধ করতে হবে।